

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১১১১

১/ বিবিধ

আরবী

إذا لم يبارك للعبد في ماله جعله الله في الماء والطين
ضعيف جدا

رواه ابن أبي الدنيا في " قصر الأمل " (2 / 21 / 2) وعنه الديلمي (1 / 1 / 148) عن
عبد الأعلى بن أبي المساور عن خالد الأحول عن علي مرفوعا. قلت: وهذا إسناد
ضعيف جدا، عبد الأعلى هذا، قال الحافظ: " متروك، وكذبه ابن معين ". وخالد
الأحول لم أعرفه. والحديث رواه البيهقي في " الشعب " من طريق ابن أبي المساور
كما في " فيض القدير "، وقال المناوي: " تركه أبو داود ". فقله في " التيسير ":
إسناده ضعيف ". فيه تساهل ظاهر

বাংলা

১১১১। যখন কোন বান্দার তার সম্পদে বরকত হয় না তখন আল্লাহ তা'য়ালা তা পানি এবং মাটি বানিয়ে দেন।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনু আবিদ দুনিয়া “কাসরুল আমল” গ্রন্থে (২/২১/২) আর তার থেকে দাইলামী (১/১/১৪৮) আব্দুল আ'লা ইবনু আবুল মাসাবির হতে, তিনি খালেদ আহওয়াল হতে, তিনি আলী (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এ আব্দুল আ'লা সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি মাতরুক, তাকে ইবনু মা'ঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। আর খালেদ আহওয়ালকে আমি চিনি না।

হাদীসটিকে বাইহাকী “আশশুয়াব’ গ্রন্থে ইবনু আবুল মুসাভির সূত্রে বর্ণনা করেছেন যেমনটি “ফাইযুল কাদীর” গ্রন্থে এসেছে। আর মানবী বলেছেনঃ আবু দাউদ তাকে ত্যাগ করেছেন। এ কারণে তিনি যে “আততাইসীর” গ্রন্থে বলেছেনঃ তার সনদটি দুর্বল। তার এ কথায় তিনি সুস্পষ্ট শিথিলতা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72802>

📖 হাদিসবিডি়র গ্রজেটে অনুদান দিন